রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৮, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**বাস্তবায়ন-১ অনুবিভাগ**
**বাস্তবায়ন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩২/ ০৮ সেপ্টেম্বর ২০২৫

নং **০৭.০০.০০০০.০০০.১৬১.২২.০০০৩.২৫.১৬৯**—যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (পে-কমিশন) বিধিমালা, ২০০৭ এর বিধি ৩(১) অনুসারে অর্থ বিভাগের ১৭-১২-২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১. ১০.০৩৩.১৪-২৭৭ নং প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন পুনর্গঠন করা সমীচীন;

সেহেতু, উক্ত বিধিমালার বিধি ৩(২) এর আলোকে পে-কমিশন নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (ক) | বিচারপতি জনাব এস. এম. এমদাদুল হক, বিচারক, আপীল বিভাগ (প্রধান বিচারপতির পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত) | - | চেয়ারম্যান |
| (খ) | বিচারপতি জনাব ফাতেমা নজীব, বিচারক, হাইকোর্ট বিভাগ (প্রধান বিচারপতির পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (গ) | ড. নাইমা হক, সদস্য, আইন কমিশন (রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (ঘ) | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদাধিকারবলে) | - | সদস্য |
| (ঙ) | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |
| (চ) | সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (ছ) | সিনিয়র সচিব/সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (পদাধিকারবলে) | - | সদস্য |
| (জ) | রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (পদাধিকারবলে) | - | সদস্য |
| (ঝ) | জনাব মোঃ আজিজুল হক, যুগ্ম সচিব (জেলা জজ), আইন ও বিচার বিভাগ (প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |

২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা, পে-কমিশনের সচিব এর দায়িত্ব পালন করবেন।

৩। ইতঃপূর্বে জারীকৃত এসআরও নং-৮-আইন/২০০৭-অম/অবি(বাস্ত-১)/বিবিধ-৩/২০০৬, তারিখ ১৬ জানুয়ারি ২০০৭ অনুযায়ী কমিশন কার্যসম্পাদন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd